তারিখ ... 13.1.85 ...
পৃষ্ঠা ... 2 কলাম ... 1 ...

ইত্তেফাক

0 009

দৈনিক ইত্তেফাক

শুক্রবার, ২৮শে পৌষ, ১৩৯০

# ভর্তি সমস্যা

নুতন বৎসর শুরু হইবার সঙ্গে সঙ্গে যে সমস্যাটি অভিভাবকদের শঙ্কিত ও বিব্রত করিয়া তুলিয়াছে উহা ছাত্র ভর্তির সমস্যা। অভিভাবকদের সব সময়কার প্রচেষ্টা ভাল স্কুল— তাহা না হইলে মাঝারি এবং সবশেষে কোনমতে যেকোন একটা স্কুল। ফলে চাপ আছে সর্বত্রই। প্রতি বৎসরই এই চাপ বাড়িতেছে। কাজেই এ বৎসরও গতবারের তুলনায় চাপের মাত্রা বেশী। হারটি ক্রমবর্ধমান আর এই অবস্থা চলিতে থাকিলে এই ক্রমবর্ধমান হারের তোড়ে সব নিয়মকানুন ভাসিয়া যাইবে বলিয়া অনেকে আশঙ্কা প্রকাশ করিতেছেন। অনেকে আবার বলেন, ভাল স্কুলের সংখ্যা বাড়ানো উচিত। কিন্তু আমাদের বক্তব্য একটু অন্য রকম। ভালো স্কুল কোন স্থান হইতে নাজেল হয় না। ভাল স্কুল নির্ভর করে ভালো ম্যানেজমেন্ট, একনিষ্ঠ শিক্ষক এবং ভাল নিয়মকানুনের উপর। এই ঢাকাতেই এক সময় অনেক ভাল স্কুল ছিল, যেগুলি এখন আর ভাল স্কুলের তালিকায় স্থান পায় না। আবার এই ঢাকাতেই এখন অনেক স্কুল আছে যেগুলি ক্রমাগত ভাল স্কুলের তালিকার শীর্ষস্থানে উঠিয়া যাইতেছে। অতএব সেদিক হইতে ইহা নির্ভর করে সুষ্ঠু ব্যবস্থাপনার উপর। এই জন্যই দেখা যায় একই ছাত্র যখন একটি অখ্যাত স্কুলে ভর্তি হইতেছে তখন সে খারাপ ফল করিতেছে। আবার ভাল স্কুলে ভর্তি হওয়ার সঙ্গে সঙ্গে তাহার পড়াশুনার ফল ভাল হইতেছে। তাই রেজাল্ট ভালই হইল ভাল স্কুলের মাপকাঠি।

কাজেই ভাল স্কুল তৈরী করিয়া দিলেই যে এ সমস্যার সুষ্ঠু সমাধান হইয়া যাইবে এমন কোন কথা নাই। ম্যানেজমেন্টকে সুষ্ঠু ও নির্দোষ করিতে পারিলেই ভাল স্কুলের সংখ্যা বাড়িবে। অনেকে এই প্রসঙ্গে প্রশ্ন করিতে পারেন, ভাল শিক্ষক দরকার— ভাল শিক্ষকের জন্য ভাল বেতন দরকার—ভাল সুযোগ-সুবিধা দরকার। এসব না হইলে ভাল স্কুল হইবেই বা কিভাবে ? দেশে তো ভাল শিক্ষকের অভাব নাই। ভাল বেতন দিয়া তাহাদের আনিলেই তো হয়। যে সব ছাত্র পরীক্ষায় ভাল রেজাল্ট করিতে চায় ভাল শিক্ষকের জন্য তাহারা এমনিতেই বেশী পয়সা দিতে কার্পণ্য করিবে না। পরিচালনা ব্যবস্থার উদ্দেশ্য যদি সাধু হয়, তাহা হইলে বেশী বেতনে ভাল শিক্ষক যেমন রাখা যায়, তেমনি ছাত্রদের উপরও টাকার চাপ বেশী পড়ে না। আর প্রতিষ্ঠানের লাভও হয়। অতএব মূল ব্যাপারটি হইল মানসিকতা। এই মানসিকতাকে যদি আমরা সুশিক্ষার উপযোগী করিয়া গড়িয়া তুলিতে পারি, তাহা হইলে দেশে ভাল স্কুল হইবে, ভাল ম্যানেজমেন্ট গড়িয়া উঠিবে, শিক্ষকদের মর্যাদা ও অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটিবে, নতুবা নয়। প্রত্যেক বৎসর এই ছাত্র ভর্তির চাপ ও সমস্যা আমাদের এই দাবীই জানাইয়া আসিতেছে।